# হিন্দু সম্প্রদায়কে রাজনৈতিকভাবে ব্যবহার করা উচিত নয়: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

এবার দুর্গাপূজায় সর্বোচ্চসংখ্যক পূজামণ্ডপ, বরাদ্দ ও ছুটির ব্যবস্থা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। একই সঙ্গে ধর্মীয় সম্প্রদায়কে রাজনৈতিক ভোটব্যাংক হিসেবে বিবেচনা না করার আহ্বান জানিয়েছেন তিনি।

শুক্রবার (১৬ অক্টোবর) রাতে রাজধানীর বনানী মাঠে দুর্গাপূজার মণ্ডপ পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন।

সালাহউদ্দিন আহমদ বলেন, এবার নাগরিক অধিকার ও ধর্মীয় আচার পালনের ক্ষেত্রে মানুষ সর্বোচ্চ স্বাধীনতা ভোগ করছেন। বরাদ্দ ও ছুটির সুযোগও বেড়েছে। এসব বিবেচনায় সর্বোচ্চ সমর্থন পাওয়া যাবে বলে আশা প্রকাশ করেন তিনি।

ধর্মীয় সম্প্রদায়কে রাজনৈতিকভাবে ব্যবহার করার প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, হিন্দু ধর্মাবলম্বীদের ধর্মীয় পরিচয়েই বিবেচনা করা উচিত। অতীতে তাঁদের ব্যবহার করে অনেকে রাজনৈতিক সুবিধা নিয়েছেন বলেও মন্তব্য করেন তিনি। নাগরিকেরা নিজেরাই বিচার করবেন, কোন সময়ে তাঁদের গণতান্ত্রিক ও সাংবিধানিক অধিকার বেশি সুরক্ষিত থাকে।

তিনি আরও বলেন, 'অসাম্প্রদায়িক সম্প্রীতি'র পরিবর্তে 'ধর্মীয় সম্প্রীতি' শব্দটি ব্যবহার করতে পছন্দ করেন তিনি। দেশের সব নাগরিক সমান অধিকারী এবং সংবিধান প্রত্যেককে স্বাধীনভাবে ধর্মচর্চা ও উপাসনার অধিকার দিয়েছে।

দুর্গাপূজায় নিরাপত্তা নিয়ে বারবার শঙ্কা প্রকাশকে দুঃখজনক উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ধর্মের ভিত্তিতে কোনো বৈষম্য করা যাবে না। সাংবিধানিক অধিকার থাকার পরও ধর্মীয় উৎসব ঘিরে নিরাপত্তার আশঙ্কা তৈরি হওয়া উচিত নয়।